২৯ আগস্ট, ২০২৫

# 'নির্বাচন হবেই, ঘোষিত সময়েই হবে': মির্জা ফখরুল ইসলাম



সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, জাতীয় নির্বাচন অবশ্যই অনুষ্ঠিত হবে এবং এটি ঘোষিত সময়ের মধ্যেই হবে। শুক্রবার (২৯ আগস্ট) জাতীয় প্রেসক্লাবে সৈয়দা ফাতেমা সালামের লেখা 'রক্তাক্ত জুলাই' গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি এই মন্তব্য করেন।

বিএনপি মহাসচিব স্বীকার করেন যে, দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে সাধারণ মানুষের মধ্যে নির্বাচন নিয়ে এক ধরনের সংশয় ও আশঙ্কা তৈরি হয়েছে। তবে তিনি জোর দিয়ে বলেন, যদি নির্বাচন না হয়, তবে দেশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে এবং ফ্যাসিবাদ ফিরে আসার সম্ভাবনা বাড়বে। তিনি অভিযোগ করেন যে, একটি মহল ফ্যাসিবাদকে ফিরিয়ে আনতে কাজ করছে এবং এ বিষয়ে বিদেশেও আলোচনা চলছে। তাই দেশের জন্য নির্বাচন খুবই জরুরি।

মির্জা ফখরুল বলেন, দেশের উদারপন্থী ও মধ্যমপন্থার রাজনীতিকে সরিয়ে উগ্রবাদকে প্রতিষ্ঠা করার একটি ষড়যন্ত্র চলছে। তিনি এটিকে বাংলাদেশের জন্য অত্যন্ত ক্ষতিকর বলে আখ্যায়িত করেন এবং উদার গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

দলীয় নেতাকর্মীদের উদ্দেশে তিনি বলেন, কিছু রাজনৈতিক দল মিথ্যা ও ভুল প্রচারণার মাধ্যমে বিএনপিকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করছে। তিনি নেতাকর্মীদের সতর্ক করে বলেন, "আপনারা তাদের এই সুযোগটা দেবেন না।" তিনি আরও বলেন, "আপনারা মনে করবেন না যে আপনারা ক্ষমতায় চলে এসেছেন। এখনও আপনারা ক্ষমতার কাছাকাছিও আসেননি।" তিনি নেতাকর্মীদের ষড়যন্ত্র ও চক্রান্ত সম্পর্কে সচেতন থাকার পরামর্শ দেন।

সম্প্রতি তার কিছু মন্তব্যে হতাশার সুর ছিল বলে সমালোচিত হওয়ার বিষয়ে মির্জা ফখরুল বলেন, 'এই বয়সে এসে যখন দেখি আমার স্বপ্ন, লড়াই, সংগ্রাম ম্লান হয়ে যাচ্ছে, তখন স্বাভাবিকভাবেই হতাশা আসতে পারে।' জুলাই মাসের গণঅভ্যুত্থান নিয়ে পর্যাপ্ত লেখালেখি হয়নি বলেও তিনি আক্ষেপ প্রকাশ করেন।

অনুষ্ঠানে বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা আবদুল হাই সিকদার ও ভারপ্রাপ্ত চেয়ারপারসনের উপদেষ্টা মাহদী আমিনসহ অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন।

LENS ASIA